

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৭১৩(আগরতলা ২৯।০।)

উদয়পুর, ২৯ জানুয়ারি, ২০২৪

জনজাতিদের কৃষ্টি, সংস্কৃতি রক্ষায় রাজ্য সরকার কাজ করছে : সমবায় মন্ত্রী

ল্যাম্পরা ওয়াথপ নোয়াতিয়া সম্প্রদায়ের ঐতিহ্যবাহী উৎসব। এই উৎসবকে কেন্দ্র করেই নোয়াতিয়া সম্প্রদায়ের জনগণ তাদের কুল দেবতার পূজা করেন। নিজের এবং পরিবারের সুখ সমৃদ্ধি কামনা করেন। গতকাল উদয়পুরের গর্জি মেলার মাঠে রাজ্যভিত্তিক ল্যাম্পরা ওয়াথপ উৎসবের উদ্বোধন করে একথা বলেন সমবায় মন্ত্রী শুল্কাচরণ নোয়াতিয়া। তিনি বলেন, রাজ আমল থেকে নোয়াতিয়া সম্প্রদায়ের জনগণ এই উৎসব করে আসছেন। জাতি, জনজাতি সম্প্রদায়ের লোকদের মিলনে মানুষের এক্য সুদৃঢ় হয়। তিনি যুব সম্প্রদায়কে নেশার কবল থেকে মুক্ত রাখতে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান। এছাড়া বক্তব্য রাখেন বিধায়ক প্রমোদ রিয়াৎ, প্রাক্তন বিধায়ক বিপ্লব কুমার ঘোষ, নোয়াতিয়া হৃদা আইন কমিটির চেয়ারম্যান রাজেন্দ্র লাল নোয়াতিয়া প্রমুখ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মাতাবাড়ি পথগায়েত সমিতির চেয়ারম্যান সুজন কুমার সেন, সমাজসেবী জনকুমার নোয়াতিয়া, ঘনরাম নোয়াতিয়া প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন হৃদা সম্পাদক পাতাল কুমার নোয়াতিয়া। সভাপতিত্ব করেন হৃদা দেবাং বিনয় লাল নোয়াতিয়া।

\*\*\*\*\*